

যুগান্তর

অলিসহ বিভিন্ন দলের সমর্থন

বুয়েট শিক্ষার্থীদের সঙ্গে অন্যায় হলে রাজপথে নামার হুঁশিয়ারি

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ০২ এপ্রিল ২০২৪, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সাধারণ শিক্ষার্থীদের দাবির প্রতি সমর্থন জানিয়েছে এলডিপি, ১২ দলীয় জোট ও গণঅধিকার পরিষদ। সোমবার পৃথক বিবৃতিতে এ সমর্থনের কথা জানিয়ে নেতারা বলেন, পরিষ্কার কথা বুয়েটের শিক্ষার্থীদের সঙ্গে অন্যায় হলে ছাত্র-শিক্ষক-অভিভাবকদের নিয়ে আমরা রাজপথে নামব। বিবৃতিতে আন্দোলনে সমর্থন জানিয়ে লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) প্রেসিডেন্ট কর্নেল (অব.) ড. অলি আহমদ বলেন, বুয়েটের মেধাবী ছাত্ররা দেশের অন্যতম সেরা শিক্ষাপ্রতিষ্ঠানকে রাজনীতিমুক্ত রাখতে চায়। তারা জ্ঞানের চর্চায় বিশ্বাসী, ভবিষ্যতের সুনাগরিক হিসাবে গড়ে উঠতে চায়। জাতি-ধর্ম নির্বিশেষে সব দেশপ্রেমিক অভিভাবক, শিক্ষক এবং রাজনীতিবিদদের তাদের এই উদ্যোগকে সমর্থন দেওয়া উচিত।

তিনি বলেন, বুয়েটের মেধাবী ছাত্রদের দাবির প্রতি এলডিপির পক্ষ থেকে পূর্ণ সমর্থন থাকবে, তাদের পাশে আছি। কারণ আমরা গুন্ডারাজের অবসান ঘটিয়ে মেধা এবং সৃজনশীলতাকে প্রাধান্য দিয়ে দেশকে এগিয়ে নেওয়ার ব্যাপারে বদ্ধপরিকর।

তিনি আরও বলেন, বিভিন্ন দিক থেকে আমরা বহু পেছনে আছি। তাই দেশের বৃহত্তর স্বার্থে শিক্ষাব্যবস্থাকে যুগোপযোগী করতে হবে। পৃথিবীর কোনো জায়গায় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে দলীয় রাজনীতি হয় না। দুঃখের বিষয় বাংলাদেশে লেজুড়ভিত্তিক রাজনীতিতে জড়িত করে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে ধ্বংস করে আসছি এবং চাঁদাবাজি ও মস্তানির কারখানায় পরিণত করছি। এজন্য দায়ী রাজনীতিবিদ এবং অভিভাবকরা। গনমাধ্যমে পাঠানো আরেক বিবৃতিতে ১২ দলীয় জোটের শীর্ষ নেতৃবৃন্দ বলেন, বুয়েটের মেধাবী ছাত্রদের দাবির প্রতি ১২ দলীয় জোটের পক্ষ থেকে পূর্ণ সমর্থন থাকবে। তারা বলেন, আমরা দেখতে পাচ্ছি কীভাবে চরদখলের মতো বাংলাদেশ ছাত্রলীগ বুয়েট ক্যাম্পাস দখলের পায়তারা করছে। এহেন পরিস্থিতিতে বুয়েটের সাধারণ ছাত্র-ছাত্রীদের সঙ্গে সংহতি প্রকাশ করে এবং যেকোনো ধরনের সংঘাত এড়াতে বুয়েটের শিক্ষার্থীদের দাবির সঙ্গে একমত পোষণ করেন নেতারা। বাংলাদেশে একদলীয় শাসনের অবসান ও গুন্ডাতন্ত্রের করালগ্রাস থেকে ছাত্র রাজনীতিকে বাঁচাতে এবং মেধার বিকাশ ঘটাতে ১২ দলীয় জোট সোচ্চার থাকবে।

বিবৃতিদাতারা হলেন জাতীয় পার্টির (জাফর) মোস্তফা জামাল হায়দার, বাংলাদেশ এলডিপির শাহাদাত হোসেন সেলিম, জাতীয় দলের সৈয়দ এহসানুল হুদা, জমিয়তে ওলামায়ে ইসলামের মহিউদ্দিন ইকরাম, জাগপার রাশেদ প্রধান প্রমুখ।

এদিকে সোমবার মুসলিম লীগের উদ্যোগে ঢাকার একটি হোটেলে রাজনীতিবিদের ইফতার মাহফিলে গণঅধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল নূর বলেন, আজকে আবার বুয়েটে হিবুত তাহরির, মৌলবাদ, জঙ্গিবাদের ধূয়া তুলছে। বুয়েটে মেধাবী শিক্ষার্থী আবারকে হত্যার পর ছাত্রলীগের যে অপরাধনীতির কবর রচিত হয়েছে, সেই অপরাধনীতিকে আবার চালু করার জন্য আওয়ামী লীগের সর্ব মহল থেকে আওয়াজ তুলছে। বুয়েটকে পাকিস্তান, জঙ্গিবাদ মৌলবাদ বলে মন্তব্য করে বুয়েটের শিক্ষার্থীদের অপমান করছে। যাদের বুয়েটে পড়ার যোগ্যতা হয়নি তার বুয়েট ধ্বংসে ছাত্র রাজনীতি প্রবেশে চাপ দিচ্ছে। ছাত্রলীগের নেতারা দলবল নিয়ে বুয়েটে যাচ্ছে। শিক্ষার্থীদের হুমকি দিচ্ছে। আমাদের পরিষ্কার কথা, বুয়েটের ছাত্রদের সঙ্গে অন্যায় হলে আমরা ছাত্র-শিক্ষক-অভিভাবকদের নিয়ে রাজপথে নামবো।

তিনি বলেন, বুয়েটের শিক্ষার্থীরা যে অপরাধনীতির বিরুদ্ধে অবস্থান নিয়েছে সারা দেশের লক্ষ-কোটি মানুষ সেটাকে সমর্থন করছে। কিন্তু আওয়ামী লীগ সারা দেশের মতো বুয়েট দখলে ছাত্রলীগের অপরাধনীতি চালু করতে চাচ্ছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](http://www.jugantor.com) © 2024

